দৈনিক ইত্তেফাক

তারিখ ... 6 JUL 2017 ...
পৃষ্ঠা ...৮... কলাম ...১...

# আবার প্রতিবন্ধকতা স্বাস্থ্য প্রযুক্তি শিক্ষায়

সম্প্রতি মহামান্য হাইকোর্ট ও সুপ্রিম কোর্টের অ্যাপিলেট ডিভিশনের বিজ্ঞ ও সুচিন্তিত আদেশ হলো, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রমের আওতায় চার বছর মেয়াদি ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি কোর্সে উত্তীর্ণ শিক্ষার্থীরা সরকারি চাকরির জন্য আবেদন করতে পারবে। এই আদেশের ফলে দীর্ঘদিনের ভ্রান্ত ধারণা এবং কুতর্কের আবসান হয়ে স্বাস্থ্যসেবার উন্নয়ন ও দক্ষ মানব সম্পদ তৈরির পথ প্রশস্ত হয়েছিল। বিশ্বস্ত সূত্রে জানা গেল, কারিগরি শিক্ষা বোর্ড ঐ কোর্সে ভর্তির আগের নীতিমালার পরিবর্তন করে এখন জীববিজ্ঞানে এসএসসি পাস শিক্ষার্থীরা ভর্তি হওয়ার একটি স্ববিরোধী নীতিমালা তৈরি করছে। আগের নীতিমালা অনুয়ায়ী যে কোনো বোর্ড থেকে এসএসসি বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখায় জিপিএ ২.৫ ধারী ভর্তি হওয়ার সুযোগ পায় এবং ভর্তি হওয়া শিক্ষার্থীরা মেডিক্যাল টেকনোলজি কোর্সে পাঠ্যক্রমের সঙ্গে জীববিজ্ঞান, পদার্থ ও রসায়নসহ এইচএসসি বিজ্ঞান মানের পাঠ্যক্রম শেষ করে সনদ অর্জন করে। ফলে তারা বিশ্ববিদ্যালয়ে বিএসসি কোর্সে ভর্তি হওয়ার সুয়োগ পায়। কিন্তু নতুন প্রস্তাবিত নীতিমালা অনুয়াযী শুধু জীববিজ্ঞানসহ এসএসসি উত্তীর্ণরা ভর্তি হওয়ার নীতিমালা তৈরি করলে কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি ভোকেশনাল শিক্ষার্থীরাই ঐ কোর্সে ভর্তি হতে পারবে না। কারণ কারিগরি শিক্ষা বোর্ডে জীববিজ্ঞান পড়ানো হয় না, শুধু পদার্থ ও রসায়ন পড়ানো হয়। অন্যদিকে মাত্র ৮-১০শতাংশ শিক্ষার্থী বিজ্ঞান নিয়ে লেখাপড়া করে, আবার তাদের মধ্যে সবার আবার জীববিজ্ঞান নেই। ফলে দেশের একটা বড় অংশ মেডিক্যাল টেকনোলজির শিক্ষা থেকে বঞ্চিত হবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উদ্দেশ্য কারিগরি শিক্ষার সম্প্রসারণ, সংকোচন করা নয়। কাজেই পূর্বের নীতিমালা বহাল রাখতে সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ রইল।

**মো. গোলাম মোস্তফা**
২৩১/৭ সদর হাসপাতাল রোর্ড, নেত্রকোণা ২৪০০

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর